# 2024

## M.A. 2nd Semester Examination (Old)

**BENGALI (CCAE)**

**PAPER : BNG-201**

**(সাধারণ ভাষা বিজ্ঞান)**

*Full Marks* : 40

*Time* : 2 Hours

**পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।**

**দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।**

**নির্দেশানুসারে সকল বিভাগ থেকে উত্তর দাও।**

### বিভাগ—ক

নিম্নলিখিত যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ২×৪=৮

১. স্বরধ্বনি কাকে বলে?

২. তাড়িত ধ্বনি কাকে বলে?

৩. মুক্ত রূপমূল ও বদ্ধ রূপমূলের দু'টি পার্থক্য উল্লেখ করো।

৪. বাংলা ভাষায় মৌলিক কাল কয়টি এবং কী কী?

৫. গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার ও কী কী?

৬. রূপান্তর মূলক সঞ্জননী তত্ত্বের জনক কে? তাঁর লেখা দু'টি গ্রন্থের নাম লেখো।

৭. 'রেজিস্টার' কাকে বলে? এই পরিভাষাটি প্রথম কে ব্যবহার করেন?

৮. পিজিন কী?

## বিভাগ—খ

নিম্নলিখিত যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৪=১৬

৯. বৈপরীত্যমূলক অবস্থান (opposition) ও পরিপূরক অবস্থান (complementary) - বিষয় দু'টি দৃষ্টান্ত সহ আলোচনা করো।

১০. জিহ্বার অবস্থান অনুসারে স্বরধ্বনির নানান শ্রেণির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১১. টীকা লেখো (যেকোনো দু'টি) ঃ

(ক) অনন্যসাধারণ রূপমূল (unique morpheme)

(খ) উপরূপ (allomorph)

(গ) সাধিত ধাতু (derivative root)

১২. বিভক্তি সহযোগে বাংলা একপদী ক্রিয়ার নানা বৈচিত্র্য উল্লেখ করো।

১৩. ভাষা সরণ (language shift) ও ভাষা নিধন (language genocide) বিষয় দু'টির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৪. বাক্য কাকে বলে? বাংলা প্রশ্নসূচক বাক্যের বিবিধ গঠন প্রণালী উল্লেখ করো।

১৫. সংবর্তন (transformation) কত প্রকার? যেকোনো একটি সংবর্তন দৃষ্টান্ত সহ আলোচনা করো।





## বিভাগ—গ

নিম্নলিখিত যেকোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও ঃ ৮×২=১৬

১৬. টীকা লেখো (যেকোনো চারটি) ঃ

(ক) যৌগিক স্বর

(খ) পার্শ্বিক ধ্বনি

(গ) ন্যূনতম শব্দজোড়

(ঘ) মুক্ত বৈচিত্র্য

(ঙ) শ্বাসঘাত

(চ) উণপৃথকীকরণ

১৭. রূপমূল কাকে বলে? অক্ষর ও রূপমূলের পার্থক্য উল্লেখ করো। রূপমূল নির্ণয়ের বিভিন্ন পদ্ধতিগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৮. পদগুচ্ছ কাকে বলে? ইহা কয় প্রকার ও কী কী? বাংলা ক্রিয়াগুচ্ছের নানান প্রকার আলোচনা করো।

১৯. ভাষা পরিকল্পনা কী? ভাষা পরিকল্পনার বিভিন্ন দিকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

★ ★ ★